দৈনিক ইত্তেফাক

২৪/১১/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ১৪ কলাম ৪

# দুই, চার, দশ ভাগ বেতন বৃদ্ধি করিয়া মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করা যাইবে না

শিক্ষক সমিতি ফেডারেশন

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে, দুই, চার, দশ ভাগ বেতন বৃদ্ধি করিয়া মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করা যাইবে না এবং শিক্ষার প্রত্যাশিত মান উন্নয়নও সম্ভব হইবে না। ইহার জন্য প্রয়োজন সর্বস্তর ও পর্যায়ের শিক্ষকদের পৃথক বেতন কমিশন। শিক্ষা ব্যবস্থা ও পরিকল্পনায় ধারাবাহিকতা রক্ষার আহ্বান জানাইয়া সাংবাদিক সম্মেলনে বলা হয়,

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## দুই চার দশ ভাগ

(শেষ পৃষ্ঠার পর)

শিক্ষক বাদ দিয়া শিক্ষা হয় না। তাই শিক্ষা ও শিক্ষকদের মান একই সাথে বাড়াইতে হইবে। শিক্ষার্থীর, অনুকূল শিক্ষা পরিবেশ সৃষ্টির জন্য লাইব্রেরী, ল্যাবরেটরী সমৃদ্ধ করিতে হইবে। শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষক ও শিক্ষার্থীদের যেকোন ত্যাগের বিনিময়ে দলীয় রাজনীতির উর্ধ্বে রাখিতে হইবে। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, অধ্যক্ষ নূরুল আনোয়ার, উপাধ্যক্ষ আবদুর রব মিয়া, নূরুন্নবী সিদ্দিকী, মোহাম্মদ আজিজুল হক শাহ, অধ্যক্ষ আলী আকবর খান ডলার সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে শিক্ষার গুণগত উৎকর্ষ ও শিক্ষকদের মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে ১১ দফা উত্থাপন করা হয়। দফাসমূহ ঃ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত একাডেমিক পরিদর্শনের ব্যবস্থা করা, শিক্ষার মানের ক্রমাবনতি রোধকল্পে জাতীয় শিক্ষা উন্নয়ন পরামর্শক কমিটি গঠন, জনবল কাঠামো সংশোধন, জাতীয় পরীক্ষানীতি প্রণয়ন, ইংরেজী, গণিত ও বিজ্ঞানের শিক্ষকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা ইত্যাদি।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, দেশ তথা জাতির বৃহত্তর স্বার্থে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে আজ সর্বাগ্রে প্রয়োজন সন্ত্রাস ও দলীয় রাজনীতিমুক্ত শিক্ষাঙ্গন। আমাদের প্রত্যাশা শিক্ষাঙ্গন হউক শিক্ষার্থী ও শিক্ষকদের জ্ঞান অর্জন ও বিতরণের অনুকূল পবিত্র পীঠস্থান।